

সমকাল

রাজশাহী কলেজে শিক্ষার্থী নির্যাতন: ৪ ছাত্রলীগ নেতাকর্মী বহিষ্কার

প্রকাশ: ২৮ ফেব্রুয়ারি ২৩ | ০০:১১ | আপডেট: ২৮ ফেব্রুয়ারি ২৩ | ০০:১১

রাজশাহী ব্যুরো



ছাত্রলীগ নেতা রিফাত (বাঁমে) ও কর্মী শাহরুখ। ছবি: সংগৃহীত

কর্মসূচিতে না যাওয়ার কারণে রাজশাহী কলেজ শিক্ষার্থী ও সংবাদকর্মী নির্যাতনের ঘটনায় ছাত্রলীগের চার নেতাকর্মীকে ছয় মাসের জন্য সংগঠন থেকে বহিষ্কার করা হয়েছে। সোমবার রাতে রাজশাহী মহানগর ছাত্রলীগের সভাপতি নূর মোহাম্মদ সিয়াম ও সাধারণ সম্পাদক সিরাজুম মুবিন সবুজ স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ বহিষ্কারাদেশ প্রদান করা হয়।

বহিষ্কার হওয়া ছাত্রলীগের নেতাকর্মীরা হলেন, মহানগর শাখা ছাত্রলীগের ত্রাণ ও দুর্যোগ বিষয়ক সম্পাদক শাহরুখ আলম, রাজশাহী কলেজ ছাত্রলীগের সাবেক গ্রন্থনা ও প্রকাশনা সম্পাদক কাওসার আজম রাফি, সাবেক সদস্য রাজু আহমেদ ও মহানগর ছাত্রলীগের কর্মী ওয়ালিউর রহমান রিফাত।

বিজ্ঞপ্তিতে বলা হয়, মহানগর ছাত্রলীগের এক জরুরি সিদ্ধান্ত অনুযায়ী শৃঙ্খলাপরিপন্থী কার্যকলাপের অভিযোগের ভিত্তিতে তাদেরকে ছয় মাসের জন্য মহানগর শাখার সকল সাংগঠনিক কার্যক্রম থেকে অব্যাহতি প্রদান করা হয়েছে।

গত বুধবার রাজশাহী কলেজের মুসলিম ছাত্রাবাসের ছাত্রদের জোর করে দলীয় কর্মসূচিতে নিয়ে যাওয়ার চেষ্টা করেন কলেজ ছাত্রলীগের সভাপতি রাসিক দত্তের অনুসারীরা। ছাত্ররা কর্মসূচিতে না যাওয়া ছাত্রদের কক্ষে ঢুকে পেটান ছাত্রলীগের নেতাকর্মীরা। তাদের মারধরের শিকার হন সংবাদকর্মীসহ ৩০ থেকে ৩৫ ছাত্র। এ ঘটনার পরদিন ছাত্রলীগের পক্ষ থেকে ক্ষমা চাওয়া হয়।

© সমকাল ২০০৫ - ২০২৩

সম্পাদক : মোজাম্মেল হোসেন । প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com